বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
প্লট # ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

নং – ১৪.৩২.০০০০.৫০১.৩৫.০০১.২৩.১ তারিখঃ ০৯/০১/২০২৪ ইং

# আইএসপি কর্তৃক বেতার তরঙ্গ ও বেতার যন্ত্রপাতি ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা

স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

২০২৪

০৯/০১/২৪
ড. মোঃ সোহেল রানা
পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

## সূচীপত্র


| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১. | ভূমিকা | ০৩ |
| ২. | উদ্দেশ্য | ০৩ |
| ৩. | আইএসপি কর্তৃক ব্যবহারযোগ্য তরঙ্গ এবং ক্ষেত্র | ০৩ |
| ৪. | তরঙ্গ বরাদ্দের মূলনীতি | ০৩ |
| ৫. | আইএসপি কর্তৃক আইএসএম ব্যান্ডের তরঙ্গ ও বেতার যন্ত্রপাতি ব্যবহার সংক্রান্ত নির্দেশনা | ০৩ |
| ৬. | আইএসপি কর্তৃক ৫ গিগাহার্জ ব্যান্ডের তরঙ্গ ও বেতার যন্ত্রপাতি ব্যবহার সংক্রান্ত নির্দেশনা | ০৪ |
| ৭. | বেতার যন্ত্রপাতির পাওয়ার আউটপুট সংক্রান্ত নির্দেশনা | ০৪ |
| ৮. | নির্ধারিত সীমার বাহিরে পাওয়ার নিঃসরণ (Out of band emission) সংক্রান্ত নির্দেশনা | ০৫ |
| ৯. | তরঙ্গ প্রতিবন্ধকতা (Interference) বিষয়ক নির্দেশনা | ০৫ |
| ১০. | আইএসপি অপারেটর কর্তৃক তরঙ্গ বরাদ্দের জন্য আবেদন পদ্ধতি | ০৫ |
| ১১. | বিবিধ | ০৫ |
| i. | পরিশিষ্ট-'ক' | ০৬ |
| ii. | পরিশিষ্ট-'খ' | ০৬ |
| iii. | পরিশিষ্ট-'গ' | ০৭ |


ড. মোঃ সোহেল রানা
পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

## ১. ভূমিকা

১.১ ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার (আইএসপি) লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে প্রয়োজনের ভিত্তিতে বিটিআরসি হতে বিভিন্ন ব্যান্ডে তরঙ্গ বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। বরাদ্দপ্রাপ্ত তরঙ্গের মাধ্যমে আইএসপি প্রতিষ্ঠানসমূহ কর্তৃক মূলত ওয়্যারলেস ইন্টারনেট সেবা প্রদান করা হয়ে থাকে। এছাড়াও বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের (ব্যাংক, দূতাবাস, আন্তর্জাতিক সংস্থা, শিল্প কল-কারখানা ইত্যাদি) তথ্য-যোগাযোগের জন্য ব্যবহৃত তার-ভিত্তিক মূল সংযোগের বিকল্প হিসেবে ওয়্যারলেস সংযোগের প্রয়োজন হয়ে থাকে, যা ওয়্যারলেস আইএসপি প্রতিষ্ঠান কর্তৃক প্রদান করা হয়ে থাকে।

১.২ বিটিআরসি হতে লাইসেন্স ব্যান্ডের পাশাপাশি আইএসপি লাইসেন্সের আওতায় ডাটা-সংযোগের জন্য প্রয়োজনের ভিত্তিতে আইএসএম ব্যান্ডের তরঙ্গও ব্যবহারের অনুমতি প্রদান করা হয়ে থাকে।

## ২. উদ্দেশ্য

২.১ আইএসপি লাইসেন্সের আওতায় তরঙ্গ বরাদ্দ কার্যক্রমকে গতিশীল, সুশৃঙ্খল এবং নিয়মানুগ করার পাশাপাশি সামগ্রিক প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়ন করা।

২.২ তরঙ্গ ব্যবহারের ক্ষেত্রে অনুমোদন গ্রহণের প্রয়োজনীয়তা এবং সংশ্লিষ্ট আবেদন প্রক্রিয়া সম্পর্কে আইএসপি অপারেটরগণের মধ্যে পরিষ্কার ধারণা প্রদান করা।

## ৩. আইএসপি কর্তৃক ব্যবহারযোগ্য তরঙ্গ এবং ক্ষেত্র

৩.১ আইএসপি লাইসেন্সের আওতায় নিম্নবর্ণিত ব্যান্ডসমূহে তরঙ্গ বরাদ্দ গ্রহণের আবেদন করা যাবেঃ

(ক) আইএসএম ব্যান্ড (২.৪০০০ – ২.৪৮৩৫ গিগাহার্জ এবং ৫.৭২৫ – ৫.৮৭৫ গিগাহার্জ)

(খ) ৫ গিগাহার্জ ব্যান্ড (৪.৯০০ – ৫.৭২৫ গিগাহার্জ)

(গ) মাইক্রোওয়েভ তরঙ্গ

৩.২ বরাদ্দকৃত তরঙ্গ এক্সেস এর পাশাপাশি যে কোন ধরণের ব্যাকবোন নেটওয়ার্ক (Backbone Network) স্থাপন, পয়েন্ট-টু-পয়েন্ট (Point-to-Point) অথবা পয়েন্ট-টু-মাল্টিপয়েন্ট (Point-to-Multipoint) লিংক স্থাপনের জন্য ব্যবহার করা যাবে।

## ৪. তরঙ্গ বরাদ্দের মূলনীতি

৪.১ আইএসপি লাইসেন্সের আওতায় প্রাপ্যতা এবং আগে-আসলে-আগে-পাবেন ভিত্তিতে তরঙ্গ বরাদ্দ প্রদান করা হবে।

৪.২ তরঙ্গের স্বল্পতা এবং চাহিদা বিবেচনায় নিয়ে প্রয়োজনে এবং ক্ষেত্র বিশেষে অংশীজন-ভিত্তিতে (Shared-basis) তরঙ্গ বরাদ্দ প্রদান করা হবে।

## ৫. আইএসপি কর্তৃক আইএসএম ব্যান্ডের তরঙ্গ ও বেতার যন্ত্রপাতি ব্যবহার সংক্রান্ত নির্দেশনা

৫.১ আইএসপি লাইসেন্সের আওতায় আইএসএম ব্যান্ডের তরঙ্গ ব্যবহারের ক্ষেত্রে অবশ্যই বিটিআরসি'র 'Instructions for Providing Services through 2.4 and 5.7 GHz Band in Bangladesh' শীর্ষক নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫.২ আইএসএম ব্যান্ডের তরঙ্গ (২.৪০০০ – ২.৪৮৩৫ গিগাহার্জ এবং ৫.৭২৫ – ৫.৮৭৫ গিগাহার্জ) ব্যবহারের ক্ষেত্রে কোন তরঙ্গ লাইসেন্স গ্রহণের প্রয়োজনীয়তা নেই। তবে, আউটডোর পরিবেশে ব্যবহারের পূর্বে অথবা আইএসএম ব্যান্ড ব্যবহার করে যে কোন ধরণের ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপন, পয়েন্ট-টু-পয়েন্ট অথবা পয়েন্ট-টু-মাল্টিপয়েন্ট লিংক স্থাপনের পূর্বে বিটিআরসি হতে আইএসএম ব্যান্ডের তরঙ্গ বরাদ্দ গ্রহণ করতে হবে।

৫.৩ আউটডোর পরিবেশে আইএসএম ব্যান্ডের তরঙ্গ ব্যবহারের ক্ষেত্রে, যে কোন ধরণের ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপন, পয়েন্ট-টু-পয়েন্ট অথবা পয়েন্ট-টু-মাল্টিপয়েন্ট লিংক স্থাপন এর পূর্বে পরিশিষ্ট-'ক' অনুযায়ী বিস্তারিত তথ্যসহ বিটিআরসি কে অবহিত করতে হবে।

ড. মোঃ সোহেল রানা
পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

৫.৪ যে কোন ধরণের বেতার যন্ত্রপাতি আমদানির প্রয়োজন হলে বিটিআরসি'র পূর্বানুমোদন গ্রহণ করতে হবে অথবা বিটিআরসি'র তালিকাভুক্ত ভেন্ডর প্রতিষ্ঠানের মাধ্যমে প্রচলিত নিয়ম অনুযায়ী আমদানি করতে হবে। আমদানির পরিবর্তে স্থানীয় বাজার হতে ক্রয়ের ক্ষেত্রে বেতার যন্ত্রপাতিসমূহ এই নির্দেশনার সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে এবং ব্যবহারের পূর্বেই পরিশিষ্ট-'খ' অনুযায়ী যন্ত্রপাতির বিবরণ সহ বিটিআরসি'কে অবহিত করতে হবে। এছাড়াও, স্থানীয় বাজার হতে ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বেতার যন্ত্রপাতিসমূহ বিটিআরসি'র অনুমোদনের ভিত্তিতে বৈধভাবে বাংলাদেশে আমদানি অথবা প্রস্তুত করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট আইএসপি কর্তৃক নিশ্চিত করতে হবে।

৫.৫ যে সকল আইএসপি ইতোপূর্বে আইএসএম ব্যান্ডে তালিকাভুক্ত হয়েছে অথবা আইএসএম ব্যান্ডের তরঙ্গ ব্যবহারের অনুমোদন গ্রহণ করেছে তাদের, এই নির্দেশনা জারির পরে এর আলোকে, পুনরায় এ সংক্রান্ত অনুমোদন গ্রহণ করতে হবে।

## ৬. আইএসপি কর্তৃক ৫ গিগাহার্জ ব্যান্ডের তরঙ্গ ও বেতার যন্ত্রপাতি ব্যবহার সংক্রান্ত নির্দেশনা

৬.১ ৫ গিগাহার্জ ব্যান্ডের তরঙ্গ (৪.৯০০ – ৫.৭২৫ গিগাহার্জ) ব্যবহারের ক্ষেত্রে তরঙ্গ বরাদ্দ গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে। আইএসপি লাইসেন্সের আওতায় এই ব্যান্ডের যে কোন তরঙ্গ ব্যবহারের ক্ষেত্রে অবশ্যই বিটিআরসি হতে তরঙ্গ বরাদ্দ গ্রহণ করতে হবে। বরাদ্দ গ্রহণ ব্যতীত এই ব্যান্ডের কোন তরঙ্গ ব্যবহার করা যাবে না।

৬.২ ৫ গিগাহার্জ ব্যান্ড হতে ৪.৯০০ – ৫.০০০ গিগাহার্জ তরঙ্গ (মোট ১০০ মেগাহার্জ) আপাতত জরুরী সেবার জন্য সংরক্ষিত থাকবে। অবশিষ্ট ৫.০০০ – ৫.৭২৫ গিগাহার্জ তরঙ্গ (মোট ৭২৫ মেগাহার্জ) আইএসপি'দের অনুকূলে চাহিদার ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হবে।

৬.৩ ৫.০০০ – ৫.৭২৫ গিগাহার্জ রেঞ্জ হতে চাহিদার ভিত্তিতে আইএসপি প্রতি সর্বোচ্চ ৮০ (আশি) মেগাহার্জ তরঙ্গ বরাদ্দ প্রদান করা হবে।

৬.৪ যে কোন ধরণের ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপন, পয়েন্ট-টু-পয়েন্ট অথবা পয়েন্ট-টু-মাল্টিপয়েন্ট লিংক স্থাপন এর পূর্বে পরিশিষ্ট-'ক' অনুযায়ী বিস্তারিত তথ্যসহ বিটিআরসি কে অবহিত করতে হবে।

৬.৫ যে কোন ধরণের বেতার যন্ত্রপাতি আমদানির প্রয়োজন হলে বিটিআরসি'র পূর্বানুমোদন গ্রহণ করতে হবে অথবা বিটিআরসি'র তালিকাভুক্ত ভেন্ডর প্রতিষ্ঠানের মাধ্যমে প্রচলিত নিয়ম অনুযায়ী আমদানি করতে হবে। আমদানির পরিবর্তে স্থানীয় বাজার হতে ক্রয়ের ক্ষেত্রে বেতার যন্ত্রপাতিসমূহ এই নির্দেশনার সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে এবং ব্যবহারের পূর্বেই পরিশিষ্ট-'খ' অনুযায়ী যন্ত্রপাতির বিবরণ সহ বিটিআরসি'কে অবহিত করতে হবে। এছাড়াও, স্থানীয় বাজার হতে ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বেতার যন্ত্রপাতিসমূহ বিটিআরসি'র অনুমোদনের ভিত্তিতে বৈধভাবে বাংলাদেশে আমদানি অথবা প্রস্তুত করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট আইএসপি কর্তৃক নিশ্চিত করতে হবে।

## ৭. বেতার যন্ত্রপাতির পাওয়ার আউটপুট সংক্রান্ত নির্দেশনা

৭.১ ২.৪০০০ – ২.৪৮৩৫ গিগাহার্জ, ৪.৯০০ – ৫.৭২৫ গিগাহার্জ এবং ৫.৭২৫ – ৫.৮৭৫ গিগাহার্জ ব্যান্ডে, ইনডোর পরিবেশে যে কোন ধরণের এক্সেস ডিভাইস/যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে যন্ত্রপাতির সর্বোচ্চ অনুমতিযোগ্য পাওয়ার আউটপুট হবে ৩০ ডিবিএম (dBm)/ ১ ওয়াট এবং এক্ষেত্রে উক্ত যন্ত্রপাতির সর্বোচ্চ অনুমতিযোগ্য এন্টেনা গেইন (Antenna Gain) হবে ৬ ডিবিআই (dBi)। ৬ ডিবিআই (dBi) এর অধিক এন্টেনা গেইনের ক্ষেত্রে, ৬ ডিবিআই (dBi) এর অতিরিক্ত যে পরিমাণে এন্টেনা গেইন বেশি হবে এরূপ ডিভাইস/যন্ত্রপাতি এর সর্বোচ্চ অনুমতিযোগ্য পাওয়ার আউটপুট ডিবি (dB) এর হিসাবে তার সমপরিমাণে কম হতে হবে।

৭.২ ২.৪০০০ – ২.৪৮৩৫ গিগাহার্জ, ৪.৯০০ – ৫.৭২৫ গিগাহার্জ এবং ৫.৭২৫ – ৫.৮৭৫ গিগাহার্জ ব্যান্ডে, আউটডোর পরিবেশে যে কোন ধরণের ফিক্সড ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপন, পয়েন্ট-টু-পয়েন্ট অথবা পয়েন্ট-টু-মাল্টিপয়েন্ট লিংক স্থাপন এর ক্ষেত্রে ব্যবহৃত যন্ত্রপাতির সর্বোচ্চ অনুমতিযোগ্য পাওয়ার আউটপুট হবে ৩০ ডিবিএম (dBm)/ ১ ওয়াট এবং এক্ষেত্রে উক্ত যন্ত্রপাতির সর্বোচ্চ অনুমতিযোগ্য এন্টেনা গেইন হবে ২৩ ডিবিআই (dBi)। ২৩ ডিবিআই (dBi) এর অধিক এন্টেনা গেইনের ক্ষেত্রে, ২৩ ডিবিআই (dBi) এর অতিরিক্ত যে পরিমাণে এন্টেনা গেইন বেশি হবে এরূপ ডিভাইস/যন্ত্রপাতি এর সর্বোচ্চ অনুমতিযোগ্য পাওয়ার আউটপুট ডিবি (dB) এর হিসাবে তার সমপরিমাণে কম হতে হবে।

## ৮. নির্ধারিত সীমার বাহিরে পাওয়ার নিঃসরণ (Out of band emission) সংক্রান্ত নির্দেশনা

৮.১ ৪.৯০০ – ৫.৭২৫ গিগাহার্জ ব্যান্ড হতে বরাদ্দকৃত তরঙ্গে যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে নির্ধারিত সীমার বাহিরে পাওয়ার নিঃসরণের পরিমাণ প্রতি ১ মেগাহার্জ এর জন্য -২৭ ই.আই.আর.পি (EIRP) এর উপরে হতে পারবে না।

০৭/০৭/২৪

ড. মোঃ সোহেল রানা
পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

৮.২ ২.৪০০০ – ২.৪৮৩৫ গিগাহার্জ এবং ৫.৭২৫ – ৫.৮৭৫ গিগাহার্জ ব্যান্ডের তরঙ্গে যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে ব্যান্ড সীমা হতে ১০ মেগাহার্জ পর্যন্ত তরঙ্গ ব্যবধানে নির্ধারিত সীমার বাহিরে পাওয়ার নিঃসরণের পরিমাণ প্রতি ১ মেগাহার্জ এর জন্য সর্বোচ্চ -১৭ ই.আই.আর.পি (EIRP) হতে হবে। অপরদিকে, ব্যান্ড সীমা হতে (উর্ধ্বসীমা ও নিম্নসীমা, উভয় ক্ষেত্রেই) অতিরিক্ত ১০ মেগাহার্জ তরঙ্গ প্রান্তের বাহিরের তরঙ্গের ক্ষেত্রে নির্ধারিত সীমার বাহিরে পাওয়ার নিঃসরণের পরিমাণ প্রতি ১ মেগাহার্জ এর জন্য সর্বোচ্চ -২৭ ই.আই.আর.পি (EIRP) হতে হবে।

## ৯. তরঙ্গ প্রতিবন্ধকতা (Interference) বিষয়ক নির্দেশনা

৯.১ ৫.৭২৫ – ৫.৮৭৫ গিগাহার্জ তরঙ্গ ব্যান্ডে যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে অথবা নেটওয়ার্ক স্থাপনের ক্ষেত্রে তরঙ্গের ক্ষতিকর প্রতিবন্ধকতা (Harmful Interference) সংক্রান্ত কোন অগ্রাধিকার অথবা সুরক্ষা (Protection) পাবে না।

৯.২ ৪.৯০০ – ৫.৭২৫ গিগাহার্জ তরঙ্গ ব্যান্ডে যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে অথবা নেটওয়ার্ক স্থাপনের ক্ষেত্রে কোন ভাবেই লাইসেন্সপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানের সেবাকে তরঙ্গের ক্ষতিকর প্রতিবন্ধকতার (Harmful Interference) মাধ্যমে ক্ষতিগ্রস্থ করা যাবে না। তরঙ্গের ক্ষতিকর প্রতিবন্ধকতার (Harmful Interference) মতো কোন ঘটনার উদ্ভব হলে তা সমাধানের উদ্দেশ্যে নিজ উদ্যোগে সংশোধনমূলক পদক্ষেপ (যেমনঃ সংশ্লিষ্ট যন্ত্রপাতি নতুন স্থানে প্রতিস্থাপন, আউটপুট পাওয়ার হ্রাসকরণ, ইত্যাদি) গ্রহণ করতে হবে।

## ১০. আইএসপি এর অনুকূলে তরঙ্গ বরাদ্দের জন্য আবেদন পদ্ধতি

১০.১ আইএসপি লাইসেন্সের আওতায় যে কোন ধরণের তরঙ্গ বরাদ্দ গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত দলিলাদি (অনুলিপির ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুসারে সত্যায়িত হতে হবে) সহ আবেদন দাখিল করতে হবেঃ

(ক) আইএসপি লাইসেন্সের হালনাগাদ অনুলিপি।

(খ) বিটিআরসি'র নির্ধারিত 'Application Form for License of Radio Communication Apparatus' দরখাস্ত ফরমটি যথাযথভাবে পূরণ করে প্রেরণ করতে হবে (পরিশিষ্ট-'গ')।

(গ) ফর্ম ফি ও প্রসেসিং ফি বাবদ ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৮২৫/- (আটশত পঁচিশ) টাকা সহ সর্বমোট ৬,৩২৫/- (ছয় হাজার তিনশত পঁচিশ) টাকা বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, ঢাকার অনুকূলে পে-অর্ডার/ডিডি এর মাধ্যমে অত্র দপ্তরে জমা দিতে হবে, যা অফেরৎযোগ্য।

(ঘ) লাইসেন্সপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানের সেবাকে তরঙ্গের ক্ষতিকর প্রতিবন্ধকতার (Harmful Interference) মাধ্যমে ক্ষতিগ্রস্থ করা হবে না মর্মে অঙ্গীকারনামা (৪.৯০০ – ৫.৭২৫ গিগাহার্জ ব্যান্ডের তরঙ্গের ক্ষেত্রে প্রযোজ্য)।

(ঙ) নেটওয়ার্কের প্রস্তাবিত প্ল্যান।

(চ) যন্ত্রপাতিসমূহের টেকনিক্যাল স্পেসিফিকেশন সম্বলিত ক্যাটালগ অথবা ব্রশিউর।

১০.২ ৪.৯০০ – ৫.৭২৫ গিগাহার্জ ব্যান্ডের তরঙ্গের ক্ষেত্রে বিদ্যমান রেটলিস্ট অনুযায়ী তরঙ্গ চার্জ, বেতার যন্ত্রপাতির চার্জ, আউটপুট পাওয়ার চার্জ এবং লাইসেন্স ফি প্রযোজ্য হবে এবং ডিমান্ডনোটের মাধ্যমে উক্ত চাহিদা প্রেরণ করা হলে তা যথাসময়ে পরিশোধ করতে হবে।

## ১১. বিবিধ

১১.১ কমিশন প্রয়োজনে এই নির্দেশিকার যে কোন অংশ সংশোধন/ পরিবর্তন/ পরিবর্ধন/ পরিমার্জন করতে পারবে।

০৯/০৩/২৪

(ড. মোঃ সোহেল রানা)
পরিচালক
স্পেকট্রাম বিভাগ।

পরিশিষ্ট-'ক'

## ব্যাকবোন নেটওয়ার্ক/ পয়েন্ট-টু-পয়েন্ট লিংক/ পয়েন্ট-টু-মাল্টিপয়েন্ট লিংক সম্পর্কিত তথ্য প্রদানের ফরম

| ক্রঃ নং | লিংকের প্রকার (পয়েন্ট-টু-পয়েন্ট লিংক/ পয়েন্ট-টু-মাল্টিপয়েন্ট/ মাইক্রোওয়েভ) | কেন্দ্রীয় বেস ষ্টেশন (Central Base Station) এর তথ্যাদি | | Subscriber Unit অথবা CPE এর তথ্যাদি | | তরঙ্গ রেঞ্জ | ব্যান্ডউইডথ |
|---|---|---|---|---|---|---|---|
| | | স্থাপনের ঠিকানা (অক্ষাংশ ও দ্রাঘিমাংশ সহ) | ইক্যুইপমেন্টের বিবরণ (ব্র্যান্ড ও মডেল) | স্থাপনের ঠিকানা (অক্ষাংশ ও দ্রাঘিমাংশ সহ) | ইক্যুইপমেন্টের বিবরণ (ব্র্যান্ড ও মডেল) | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

পরিশিষ্ট-'খ'

## বেতার যন্ত্রপাতির তথ্য প্রদানের ফরম

| ক্রঃ নং | স্টেশনের প্রকার (BTS/ MW/ CPE) | ইক্যুইপমেন্টের বিবরণ (ব্র্যান্ড ও মডেল) | অপারেটিং ফ্রিক্যুয়েন্সি | সর্বোচ্চ পাওয়ার আউটপুট | এন্টেনা গেইন |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

০৯/০৭/২৪
ড. মোঃ সোহেল রানা
পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

# Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC)

## Application Form for License of Radio Communication Apparatus

1. Name of Applicant: ..........................................................................................
2. Present Postal Address: ......................................................................................
3. Name of Contact Person: ........................................ Designation: ........................
   Mobile: ...............Telephone: ............ Fax:.................. Email: ............................
4. Nationality:....................................................................................................
5. Name and Address of Local Agent:.......................................................................
6. Purpose of License: ...........................................................................................
7. If Frequency Allocated Please Mentioned: .............................................................
8. Equipment information, Class of station (Please tick): Fixed/Bade/Repeater/Land Mobile/ Walkie-Talkie/Satellite Phone/SNG/DSNG/Terrestrial TV/VSAT/Amateur/Paging/Trunking/ SST/ISM/Data/Broadband/Broadcast/Radar/Telemetry/Cordless/Other (indicate) ................
9. Equipment Information:

| Sl No | Class of Station | Type/Model of Tx/Rx with Manufacture Name | No of Sets | Frequency Range | | Power out put, W, Mw, dbm | Class of emission | Modulation |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | Form | To | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

10. Equipment Information:

| Sl No | Simples /Duplex | XTL/ Synthesized | Source of Power, Bat/Gen | B/W or Chl Spacing | TX/RX Separation | Type of Antenna | Antenna Polarization V/H | Antenna Gain (dbi) | Height of Antenna from Sea level | Minimum Code speed For Amateur |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

11. Equipment Information: (use this as additional if required)

| Sl No | Exact location of the station with postal address | Class of Station | Latitude | | | Longitude | | | Azimuth for Point to point Link | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | D | M | S | D | M | S | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

ড. মোঃ সোহেল রানা
পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

12. Terms and Conditions for use of wireless equipment in the People's Republic of Bangladesh:

i. A Log Book for each equipment must be maintained regularly.
ii. The competent Authority shall physically inspect the said equipment time to time.
iii. On demand of the Competent Authority the station may be closed down at any time.
iv. The licenses of the wireless equipment are not transferable.
v. On expiry of the scheduled works the license must be returned to the competent Authority.
vi. Export and import of the wireless equipment is strictly prohibited without prior permission of the authority.
vii. A government levy is not chargeable for unserviceable wireless set if sealed by the competent authority.
viii. Telecommunication facilities will be disconnected for non-payment of Govt. dues.
ix. Charges on frequency, power output, station & License fees to be paid as per rate list in favor of Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC)

13. Note:

a) Appropriate Network plan to be submitted
b) Technical Catalogue to be submitted
c) Period for which License is required (for foreigner)
d) Amateur Radio License (Local): Passport or Police Verification report to be submitted
e) Amateur Radio License (Foreigner): Photocopy of existing Amateur License, Passport & Visa to be submitted.
f) Prior Permission to be required for any coding or cipher equipment to be used.
g) Name of wireless equipment if installed earlier, please stat frequency, power output & number of sets.
h) Photo Copy of up-to-date Vendor License.
i) Class of station means: Fixed/Base/Repeater/Land Mobile/Walkie-Talkie/ Steatite Phone/ SNG/DSNG/TerrestrialTV/VSAT/Amateur/Paging/Trunkig/SST/ISM/Data/Broadband/ Broadcast/Radar/ Telemetry/Cordless/Cordless/Others (indicate)...........................

14. Declaration: I under take to observe the conditions of license & here by certify that the apparatus herein described and will be worked in accordance with provision of license; I further declare that all information's mentioned are true and correct. If any statement kept concealed, the Bangladesh Telecommunication Regulatory Commission (BTRC) reserves the right to seize the wireless equipment.

<u>For official use</u>

Signature of the applicant with seal & date

| Analyzed by (seal) | Checked & Corrected by (seal) | Countersigned by (seal) |
|---|---|---|

ড. মোঃ সোহেল রানা
পরিচালক
স্পেকট্রাম বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন